

নদ-নদী ও জলাশয়

রাজশাহী জেলার পুঠিয়া উপজেলার শিলমাড়িয়া ইউনিয়নের উত্তরে পুরো সীমানা জুড়ে প্রবাহিত হয়েছে বারনই নদী। শিব নদীর শাখা নদী হিসাবে উৎপন্ন হয়ে পশ্চিমে বিলকুমারী বিল হয়ে পূর্ব দিকে যমুনা নদীর সাথে মিলিত হয়েছে। মূলত বারনই নদীর অববাহিকায় গড়ে উঠেছে এই জনপদ। ইউনিয়নের বিভিন্ন বিল ও অন্যান্য স্থান থেকে উৎপত্তি হয়ে প্রায় ৭টি খাল বারনই নদীতে মিলিত হয়েছে। ইউনিয়নের অন্যতম খাল সৈয়দপুর, বিদিরপুর খাল। খালটির দৈর্ঘ্য প্রায় ১৫ কিঃমিঃ। সম্প্রতি খালটি খনন করে পানি ধরে রাখার ব্যবস্থা করা হয়েছে। এছাড়া উড়িয়া পির, গোড়াগাছি, মঙ্গলপাড়া, সাধনপুর, তেঁতুলিয়া, দক্ষিণে চন্দ্রাবতি খাল এ ইউনিয়নে অবস্থিত। ভৌগলিক অবস্থানগত দিক দিয়ে শিলমাড়িয়া ইউনিয়নে ভূমির অবস্থান অনেকটা নিচু। এখানকার বেশীর ভাগ জমি বছরের অর্ধেক সময় পানির নিচে থাকে। ইউনিয়নে কোন বড় ধরনের জলাশয় নাই। ছোট বড় অনেক বিল আছে। পাতিয়ার বিল, কুমির গাড়া বিল, রুইয়ের বিল, ভারই বিল, রাতোয়াল বিল, মোড়পাড়া বিল, অমৃতাপাড়া বিল, খামারচড়া বিল, খুজা কান্দর বিল, গাঁড়া বিল ইত্যাদি বিল রয়েছে। বেশির ভাগ বিলে বছরে একটি মাত্র ফসল হয়। এখানে সরকারী ও ব্যক্তি মালিকানাধীন প্রচুর পুকুর আছে। পুকুরের মাছ চাষই এলাকা মানুষের আয়ের প্রধান উৎস।